



-ঃ নিয়োগ বিজ্ঞপ্তি ঃ-

ঢাকা বিশ্ববিদ্যালয় ঃ- বিধি মোতাবেক প্রদেয় ভাতাদিসহ ঢাকা বিশ্ববিদ্যালয় প্রেসের শূন্য পদগুলির নামের পার্শ্বে উল্লেখিত বেতন স্কেল, শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার ভিত্তিতে লোক নিয়োগের জন্য আগ্রহী বাংলাদেশী নাগরিকদের নিকট হইতে দরখাস্ত আহ্বান করা যাইতেছে ঃ-

১।	মেশিন অপারেটর ঃ- টাঃ- ৯০০০-২১৮০০/- বেতন স্কেলে (জাতীয় বেতন স্কেল- ২০১৫)	১(এক)টি	প্রার্থীকে ন্যূনতম এস.এস.সি পাস ও অফসেট প্রিন্টিং প্রেসে মেশিন চালনায় প্রধান ও সহকারী মেশিনম্যানকে সার্বিক সহযোগিতার জন্য এবং মেশিনের রক্ষণাবেক্ষণের জন্য অভিজ্ঞতাসম্পন্ন হইতে হইবে। শিক্ষা জীবনের কোন পর্যায়ে ৩য় বিভাগ/ সমমান জিপিএ গ্রহণযোগ্য নয়।
২।	কম্পিউটার মুদ্রাক্ষরিক ঃ- টাঃ- ৯৩০০-২২৪৯০/- বেতন স্কেলে (জাতীয় বেতন স্কেল- ২০১৫)	৩(তিন)টি	প্রার্থীকে ন্যূনতম স্নাতক পাস ও অফসেট প্রেস প্রিন্টিং সংশ্লিষ্ট ডিপ্লোমা/ট্রেডকোর্স থাকিতে হইবে। প্রার্থীকে ইংরেজি, বাংলা ও গণিত টাইপিং এ দ্রুতগতিসম্পন্ন (বাংলা ৭০০০ ও ইংরেজিতে ৯০০০ ক্যারেক্টার প্রতি ঘন্টায়) হইতে হইবে। ডিজাইন, পেইজ মেকাপ, পেস্টিংসহ প্রিন্টিং সংশ্লিষ্ট কাজে বাস্তব অভিজ্ঞতাসম্পন্ন হইতে হইবে। শিক্ষা জীবনের কোন পর্যায়ে ৩য় বিভাগ/ সমমানের জিপিএ/সিজিপিএ গ্রহণযোগ্য নয়।
৩।	পেস্টিংম্যান ঃ- টাঃ-৯০০০-২১৮০০/- বেতন স্কেলে (জাতীয় বেতন স্কেল- ২০১৫)	১(এক)টি	প্রার্থীকে ন্যূনতম এইচ.এস.সি পাস ও সংশ্লিষ্ট বিষয়ে ডিপ্লোমা/ ট্রেডকোর্স থাকিতে হইবে। প্রার্থীকে কম্পোজকৃত ম্যাটার ম্যানুয়ালি ও কম্পিউটারে পেস্টিং করে কাটিং মার্ক, কালার মার্ক প্রভৃতি দিয়ে প্লেটে এক্সপোজ দেওয়ার জন্য প্রস্তুত করার অভিজ্ঞতা সম্পন্ন হইতে হইবে। শিক্ষা জীবনের কোন পর্যায়ে ৩য় বিভাগ/ সমমান জিপিএ গ্রহণযোগ্য নয়।
৪।	প্লেট মেকার ঃ- টাঃ-৯০০০-২১৮০০/- বেতন স্কেলে (জাতীয় বেতন স্কেল- ২০১৫)	১(এক)টি	প্রার্থীকে ন্যূনতম এস.এস.সি পাস ও সংশ্লিষ্ট বিষয়ে ডিপ্লোমা/ ট্রেডকোর্স থাকিতে হইবে। প্রার্থীকে প্রাপ্ত পজিটিভ ও ট্রেসিং পেস্টিং সম্পন্ন হবার পর প্রিন্টিং মেশিনে ছাপানোর জন্য প্লেট এক্সপোজ দেওয়া, প্লেট ধোয়া প্রভৃতি তথা প্লেট প্রস্তুত করার অভিজ্ঞতা সম্পন্ন হইতে হইবে। শিক্ষা জীবনের কোন পর্যায়ে ৩য় বিভাগ/ সমমান জিপিএ গ্রহণযোগ্য নয়।
৪।	কাটিংম্যান ঃ- টাঃ-৯০০০-২১৮০০/- বেতন স্কেলে (জাতীয় বেতন স্কেল- ২০১৫)	১(এক)টি	প্রার্থীকে ন্যূনতম এস.এস.সি পাস ও সংশ্লিষ্ট বিষয়ে ডিপ্লোমা/ ট্রেডকোর্স থাকিতে হইবে। প্রার্থীকে পোলার কাটিং মেশিন (জার্মানী), অটো গ্লু মেশিন, অটো স্টিচিং, অটো সুইং, অটো ফোল্ডিং মেশিন চালান এবং মেকানিক্যাল অভিজ্ঞতা সম্পন্ন হইতে হইবে। বিভিন্ন সাইজের কাগজ ও বোর্ড কাটিং, ডাই কাটিং, ক্রিজিং এ পারদর্শী হইতে হইবে। সব ধরনের বাঁধাই কাজ বিশেষ করে সৃজনশীল বই, রেজিস্ট্রার বই, স্যুভিনির, জ্যাকেট, প্যাকেট, পকেট ফাইল কভার ওয়াল/ডেস্ক ক্যালেন্ডার ইত্যাদি সহ গ্লু বাইন্ডিং মেশিন ও ফোল্ডিং মেশিন চালনার জন্য অভিজ্ঞতা সম্পন্ন হইতে হইবে। শিক্ষা জীবনের কোন পর্যায়ে ৩য় বিভাগ/ সমমান জিপিএ গ্রহণযোগ্য নয়।

আবেদনপত্রে কোন তথ্য গোপন থাকিলে বা উল্লেখ না করিলে ভবিষ্যতে তাহাদের পরীক্ষা পাশের সার্টিফিকেট নথিতে সংযুক্ত করা হইবে না এবং বিধি অনুযায়ী প্রশাসনিক ব্যবস্থা নেওয়া হইবে। ইহাছাড়াও পদোন্নতি নীতিমালায় বর্ণিত পয়েন্ট সুবিধা প্রদান করা হইবে না।

রেজিস্ট্রারের অনুকূলে প্রদেয় ৩০০/- (তিনশত) টাকা মূল্যমানের ব্যাংক ড্রাফট/পে-অর্ডার (পোস্টাল অর্ডার গ্রহণযোগ্য নয়) এবং সকল পরীক্ষা পাসের সার্টিফিকেট ও প্রশংসা পত্রের সত্যায়িত প্রতিলিপিসহ সাদা কাগজে পূর্ণ জীবনবৃত্তান্ত উল্লেখপূর্বক রেজিস্ট্রারের বরাবর লিখিত দরখাস্ত আগামী ০২-০৪-২০১৮ খ্রিষ্টাব্দ/১৯-১২-১৪২৪ বঙ্গাব্দ তারিখের মধ্যে আবেদনপত্র পরিচালক, পরিকল্পনা ও উন্নয়ন-এর অফিসে পৌঁছাইতে হইবে।

চাকুরিরত প্রার্থীকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে দরখাস্ত দাখিল করিতে হইবে।